গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন
টিসিবি ভবন (৪র্থ তলা), ১ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫।

নং বিইআরসি/কমিশন সভা/প্রশাঃ২৪৮/২০১৭/ ২৮৬০ তারিখঃ ৩১ মে ২০১৭

**বিষয় ঃ ১৪৮ তম কমিশন সভার কার্যবিবরণী**

বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশনের ১৪৮ তম কমিশন সভা ৩১ মে, ২০১৭ তারিখ বুধবার সকাল ১০:০০ টায় কমিশনের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। কমিশনের চেয়ারম্যান মনোয়ার ইসলাম সভায় সভাপতিত্বে করেন। সভার উপস্থিতি **পরিশিষ্ট "ক"** তে উল্লেখ করা হলো।

২। উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে কমিশনের সচিব সভার আলোচ্যসূচি অনুযায়ী কার্যক্রম উপস্থাপন করেন। প্রতিটি বিষয় বিস্তারিত আলোচনাক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহিত হয়ঃ

| ক্রমিক নং (সিএম) | আলোচ্য বিষয় ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|
| ১৪৮/১ | **আলোচ্য বিষয়ঃ** ১৪৭তম কমিশন সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ।<br><br>**সিদ্ধান্ত ঃ** ১৪৭তম কমিশন সভার কার্যবিবরণী নিশ্চিত করা হয়। | |
| ১৪৮/২ | **আলোচ্য বিষয়ঃ** ১৪৭তম কমিশন সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা।<br><br>**সিদ্ধান্তঃ** ১৪৭তম কমিশন সভার সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনায় সন্তোষ প্রকাশ করা হয় এবং প্রক্রিয়াধীন/অবাস্তবায়িত কার্যক্রমসমূহ দ্রুত বাস্তবায়নের উপর গুরুত্ব আরোপ করা হয়। | সচিব এবং সংশ্লিষ্ট পরিচালকগণ |
| ১৪৮/৩ | **আলোচ্য বিষয়:** বিদ্যুৎ উৎপাদনের জন্য ৫ (পাঁচ) টি প্রতিষ্ঠানের অনুকূলে লাইসেন্স ওয়েভার সার্টিফিকেট অনুমোদন সম্পর্কে।<br><br>**সিদ্ধান্ত:**<br>(ক) দাখিলকৃত আবেদন ও প্রয়োজনীয় সকল কাগজপত্র/তথ্যাদি যাচাই-বাছাই পূর্বক ফিস বাবদ নির্ধারিত টাকা পরিশোধ করায় নির্ধারিত শর্ত সাপেক্ষে নিম্নোক্ত ৫ (পাঁচ) টি প্রতিষ্ঠানের অনুকূলে মোট ২,৪৯৪ কি:ও: ক্ষমতাসম্পন্ন ডিজেল ভিত্তিক জেনারেটরের মাধ্যমে বিদ্যুৎ উৎপাদনের জন্য ইস্যুর তারিখ হতে ৩ বছর মেয়াদে লাইসেন্স ওয়েভার সার্টিফিকেট প্রদানের অনুমোদন করা হয়:<br><br>১. আলিফ ক্যাজুয়াল ওয়্যার লিমিটেড [৬৯, ভোগরা, গাজীপুর সদর, গাজীপুর] এর অনুকূলে ৫৬০ কি:ও: [৪০০ + ১৬০] (ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ৩,০০০/- (তিন হাজার) টাকা;<br><br>২. ইস্কোরা অ্যাপারেলস লিমিটেড [প্লট নং: ৫৪৭/১, ওয়ার্ড: ৫, পশ্চিম শৈইলডুব, কাশিমপুর, গাজীপুর] এর অনুকূলে ২৫০ কি:ও: (ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ৪,০০০/- (চার হাজার) টাকা;<br><br>৩. এচিভ ফ্যাশন লিমিটেড [৩৯, ইয়েসউদ্দিন রোড, নয়াপাড়া, দক্ষিণখান, ঢাকা-১২৩০] এর অনুকূলে ৪৪০ কি:ও: (ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ৪,০০০/- (চার হাজার) টাকা;<br><br>৪. ওয়েল ফেব্রিকস [হোল্ডিং নং: ৪৪৯৯/এ, সিডিএ শিল্প এলাকা, চান্দগাঁও, চট্টগ্রাম] এর অনুকূলে ৪০০ কি:ও: (ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ৪,০০০/- (চার হাজার) টাকা;<br><br>৫. বাংলাদেশ স্টিল রি-রোলিং মিলস লিমিটেড [৭৮/৭৯, নাসিরাবাদ শিল্প এলাকা, বায়েজীদ বোস্তামী রোড, চট্টগ্রাম] এর অনুকূলে ৮৪৪ কি:ও: (ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ৪,০০০/- (চার হাজার) টাকা;<br><br>(খ) রাইডার গ্রেড এন্ড এক্সসরিজ ইন্ডাস্ট্রিজ লিমিটেড [২৭ নং বি বি রোড, মদিনা মার্কেট, জিমখানা, নারায়ণগঞ্জ] এর অনুকূলে জেনারেটরের মাধ্যমে ৮৯.৬ কি:ও: (ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট) বিদ্যুৎ উৎপাদনের জন্য লাইসেন্স ওয়েভার সার্টিফিকেটের আবেদনটি আলোচ্যসূচী হতে প্রত্যাহার করা হয়। | পরিচালক (বিদ্যুৎ) |

| | | |
|---|---|---|
| ১৪৮/৪ | **আলোচ্য বিষয়:** বিদ্যুৎ উৎপাদনের জন্য ১০ (দশ) টি প্রতিষ্ঠানের অনুকূলে সংশোধিত লাইসেন্স ওয়েভার সার্টিফিকেট অনুমোদন সম্পর্কে।<br><br>**সিদ্ধান্ত:** দাখিলকৃত আবেদন ও প্রয়োজনীয় সকল কাগজপত্র/তথ্যাদি যাচাই-বাছাই পূর্বক ফিস বাবদ নির্ধারিত টাকা পরিশোধ করায় নির্ধারিত শর্ত সাপেক্ষে নিম্নোক্ত ১০ (দশ) টি প্রতিষ্ঠানের অনুকূলে মোট ৫৭৫০ কি:ও: ক্ষমতাসম্পন্ন ডিজেল ভিত্তিক জেনারেটরের মাধ্যমে বিদ্যুৎ উৎপাদনের জন্য ৩ বছর মেয়াদে সংশোধিত লাইসেন্স ওয়েভার সার্টিফিকেট প্রদানের অনুমোদন করা হয়:<br><br>১. ইসলাম নীট ডিজাইনস লিমিটেড [জারুন, কোনাবাড়ি, গাজীপুর] এর অনুকূলে ৫০৮ কি:ও: হতে ১০০ কি:ও: বৃদ্ধিপূর্বক ৬০৮ কি:ও: [৫০৮ + ১০০] (ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা, মেয়াদ: ১৬/৭/২০১৬ হতে ১৫/৭/২০২০;<br><br>২. ক্যাপিটাল ডিজাইনস লিমিটেড [দিলান টাওয়ার, হাউজ নং: ২১, রোড নং: ০৭, ব্লক: এফ, বনানী, ঢাকা-১২১৩] এর অনুকূলে ৪৪০ কি:ও: এর পরিবর্তে ২৮০ কি:ও: (ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা, মেয়াদ: ২২/৪/২০১৪ হতে ২১/৪/২০১৮;<br><br>৩. দি নিউ ডেল্টা অ্যাপারেলস লিমিটেড [পি- ৬, ৮, ১০, রোড: ১/এ, তুরাগ হাউজিং, মোহাম্মদপুর] এর অনুকূলে ১৬০ কি:ও: হতে ৮৮ কি:ও: বৃদ্ধিপূর্বক ২৪৮ কি:ও: [১৬০ + ৮৮] (ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ৬,০০০/- (ছয় হাজার) টাকা, মেয়াদ: ৭/৩/২০১৬ হতে ৬/৩/২০২০;<br><br>৪. ডিএমসি অ্যাপারেলস লিমিটেড [জিরাবো, আশুলিয়া, সাভার, ঢাকা] এর অনুকূলে ৬৬৬ কি:ও: [১৮৬ + ৪৮০] এর পরিবর্তে ৬৯৪ কি:ও: [১৮৬ + ৫০৮] (ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট); ফিস: ৪,০০০/- (চার হাজার) টাকা, মেয়াদ: ১৪/৯/২০১৫ হতে ১৩/৯/২০১৮;<br><br>৫. বিটুবি এক্সেলেন্স লিমিটেড [পূর্বপাড়া, মীর্জাপুর ০৮, মীর্জাপুর, গাজীপুর সদর, গাজীপুর] এর অনুকূলে ৩২০ কি:ও: হতে ২০০ কি:ও: বৃদ্ধিপূর্বক ৫২০ কি:ও: [৩২০ + ২০০] (ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ৪,০০০/- (চার হাজার) টাকা, মেয়াদ: ১৪/৯/২০১৬ হতে ১৩/৯/২০১৯;<br><br>৬. ইনোভেটিভ নীটেক্স লিমিটেড [এ-১৭৭/১৭৮, বিসিক, ফতুল্লা, নারায়ণগঞ্জ] এর অনুকূলে ৩২৮ কি:ও: [১১০ + ১২০ + ৯৮] হতে ১০৪ কি:ও: বৃদ্ধিপূর্বক ৪৩২ কি:ও: [১১০ + ১২০ + ৯৮ + ১০৪] (ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ১,০০০/- (এক হাজার) টাকা, মেয়াদ: ১/১১/২০১৫ হতে ১/১১/২০১৮;<br><br>৭. টিএনজেড অ্যাপারেলস লিমিটেড [মোগরখাল, বিজয় রোড, গাজীপুর সদর, গাজীপুর] এর অনুকূলে ৯৬৮ কি:ও: [৪৪০ + ৫২৮] হতে ৩২ কি:ও: বৃদ্ধিপূর্বক ১০০০ কি:ও: [৪৪০ + ৫২৮ + ৩২] (ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ২,০০০/- (দুই হাজার) টাকা, মেয়াদ: ২৯/৯/২০১৬ হতে ২৮/৯/২০১৯;<br><br>৮. অর্গানিক জিনস লিমিটেড [প্লট নং: এ/১ এন্ড ২, ব্লক: বি, বিসিক শি/এ, ফৌজদারহাট, সাগরিকা রোড, চট্টগ্রাম] এর অনুকূলে ৭২৮ কি:ও: [৫২৮ + ২০০] হতে ২৬৪ কি:ও: বৃদ্ধিপূর্বক ৯৯২ কি:ও: [৫২৮ + ২০০ + ২৬৪] (ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ১,০০০/- (এক হাজার) টাকা, মেয়াদ: ২/১১/২০১৬ হতে ১/১১/২০১৯;<br><br>৯. ওশান সোয়েটার ইন্ডা. (প্রা.) লিমিটেড [ইসলামপুর, জয়দেবপুর, গাজীপুর] এর অনুকূলে ৩৮০ কি:ও: [২২০ + ১৬০] এর পরিবর্তে ৬০০ কি:ও: [৪৪০ + ১৬০] (ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ৪,০০০/- (চার হাজার) টাকা, মেয়াদ: ২১/৫/২০১৬ হতে ২০/৫/২০১৯;<br><br>১০. শান প্যাকেজিং ইন্ডাস্ট্রিজ (প্রা.) লিমিটেড [চারাবাঘ, আমতলা, কুমকুমারী, বাসাইদ, আশুলিয়া, ঢাকা] এর অনুকূলে ৪৮৮ কি:ও: [২০০ + ২০০ + ৮৮] এর পরিবর্তে ৩৭৬ কি:ও: [২০০ + ৮৮ + ৮৮] (ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ৪,০০০/- (চার হাজার) টাকা, মেয়াদ: ২০/১২/২০১৬ হতে ১৯/১২/২০১৯। | পরিচালক (বিদ্যুৎ) |

| | | |
|---|---|---|
| সিএম/১৪৮/৫ | **আলোচ্য বিষয়:** বিদ্যুৎ উৎপাদনের জন্য ৩ (তিন)টি প্রতিষ্ঠানের অনুকূলে ক্যাপটিভ পাওয়ার প্লান্ট (সিপিপি) ক্যাটাগরির লাইসেন্স অনুমোদন সম্পর্কে।<br><br>**সিদ্ধান্তঃ** লাইসেন্স ফিস এর জন্য অঙ্গিকারনামা দাখিল ও নির্ধারিত শর্ত সাপেক্ষে ক্যাপটিভ পাওয়ার প্ল্যান্ট ক্যাটাগরির ১ (এক) বছর মেয়াদে নিম্নোক্ত ৩ (তিন) টি প্রতিষ্ঠানের অনুকূলে মোট ৫.৯৩ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদনের জন্য লাইসেন্স অনুমোদন করা হয়।<br><br>১. ভেনচুরা (বাংলাদেশ) লিমিটেড, প্লট নং- ৬৫-৬৯, সেক্টর- ০২, কর্ণফুলী এক্সপোর্ট প্রসেসিং জোন (কেইপিজেড), উত্তর পতেঙ্গা, চট্টগ্রাম-৪২০৪;<br>বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রের অবস্থানঃ প্লট নং- ৬৫-৬৯, সেক্টর- ০২, কর্ণফুলী এক্সপোর্ট প্রসেসিং জোন (কেইপিজেড), উত্তর পতেঙ্গা, চট্টগ্রাম-৪২০৪;<br>বিদ্যুৎ উৎপাদন ক্ষমতাঃ ১.২২০ মেগাওয়াট [ ১০০০ কিঃওঃ ( ডিজেল) + ২২০ কিঃওঃ (ডিজেল) ]।<br><br>২. মল্লিক ফ্যাব্রিক্স লিমিটেড, ২৪৬, নয়াপাড়া, কাশিমপুর, গাজীপুর।<br>বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রের অবস্থানঃ প্লটঃ ২৪৬, নয়াপাড়া, কাশিমপুর, গাজীপুর;<br>বিদ্যুৎ উৎপাদন ক্ষমতাঃ ১.৬২ মেগাওয়াট [৪০০ কিঃওঃ (ডিজেল) x ২ + ৫৮০ কিঃওঃ (ডিজেল )+ ২৪০ কিঃওঃ (ডিজেল )]।<br><br>৩. অনিক কম্পোজিট মিলস লিমিটেড, বলাইশা, ভূলতা, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ;<br>বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রের অবস্থানঃ বলাইশা, ভূলতা, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ;<br>বিদ্যুৎ উৎপাদন ক্ষমতাঃ ৩.০৯ মেগাওয়াট [১০৩০ কিঃওঃ (গ্যাস) x ৩]। | পরিচালক (বিদ্যুৎ) |
| সিএম/১৪৮/৬ | **আলোচ্য বিষয়:** বিদ্যুৎ উৎপাদনের জন্য ১ (এক)টি প্রতিষ্ঠানের অনুকূলে সংশোধিত ক্যাপটিভ পাওয়ার প্লান্ট (সিপিপি) ক্যাটাগরির লাইসেন্স অনুমোদন সম্পর্কে।<br><br>**সিদ্ধান্তঃ** ক্যাপটিভ পাওয়ার প্ল্যান্ট ক্যাটাগরির নিম্নোক্ত ০১ (এক) টি প্রতিষ্ঠানের অনুকূলে মোট ৩.০২ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদনের জন্য সংশোধিত লাইসেন্স অনুমোদন করা হয়।<br><br>১. ম্যাট্রিক্স সোয়েটার লিমিটেড, ছয়দানা, হাজীর পুকুর, গাজীপুর।<br>বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রের অবস্থানঃ ছয়দানা, হাজীর পুকুর, গাজীপুর;<br>বিদ্যুৎ উৎপাদন ক্ষমতাঃ মোট = ৩.০২ মেগাওয়াট [৯০০ কিঃওঃ (গ্যাস) + ১০০০ কিঃওঃ (গ্যাস) + ৩৬০ কিঃওঃ(ডিজেল) x ২+ ৪০০ কিঃওঃ (ডিজেল)]। | পরিচালক (বিদ্যুৎ) |
| সিএম/১৪৮/৭ | **আলোচ্য বিষয়:** সিএনজি রিফুয়েলিং স্টেশন পরিচালনার জন্য মজুদকরণ ও বিতরণের সংশোধিত লাইসেন্স ফরম, সংশোধন ফরম, নবায়ন ফরম ও চেকলিস্ট এর অনুমোদন সম্পর্কে।<br><br>**সিদ্ধান্তঃ**<br>(ক) সভায় উপস্থাপিত সিএনজি রিফুয়েলিং স্টেশন পরিচালনার জন্য মজুদকরণ ও বিতরণের সংশোধিত লাইসেন্স ফরম, সংশোধন ফরম, নবায়ন ফরম ও চেকলিস্ট এর অনুমোদন করা হয় (পরিশিষ্ট-খ)।<br><br>(খ বর্ণিত আবেদন ফরম ও চেকলিস্ট প্রণয়নের জন্য গ্যাস শাখার সংশ্লিষ্ট সকলকে কমিশনের পক্ষ হতে ধন্যবাদ জ্ঞাপন করা হয়।<br><br>(ঘ) বর্ণিত আবেদন ফরমসমূহ কমিশনের ওয়েবসাইটে প্রকাশ করতে হবে এবং কয়েকটি দৈনিক পত্রিকায় বিজ্ঞাপন আকারে প্রকাশ করতে হবে। | পরিচালক (গ্যাস) |
| সিএম/১৪৮/৮ | **আলোচ্য বিষয়:** পেট্রোলিয়ামজাত পদার্থ মজুদকরণ/বিপণন/বিতরণ/পরিবহনের জন্য ৭ (সাত)) টি প্রতিষ্ঠানের অনুকূলে সাময়িক লাইসেন্স প্রদান ও পরবর্তীতে উন্মুক্ত সভায় উপস্থাপনের মাধ্যমে লাইসেন্স অনুমোদন সম্পর্কে।<br><br>**সিদ্ধান্তঃ** মূল্যায়ন কমিটির সুপারিশের আলোকে ও লাইসেন্স ফিস পরিশোধ করার শর্তে নিম্নবর্ণিত ৭(সাত) টি প্রতিষ্ঠানের অনুকূলে পেট্রোলিয়ামজাত পদার্থ মজুদকরণ ও বিপণন/বিতরণের এর জন্য লাইসেন্স প্রদানের অনুমোদন প্রদান করা হয় এবং বিষয়টি পরবর্তী উন্মুক্ত সভায় উপস্থাপন করতে হবে। | পরিচালক (পেট্রোলিয়াম) |

১) ঢাকা ট্রেডিং কর্পোরেশন, ১৬ পুরানা পল্টন, গ্লোরিয়ানা টাওয়ার (নীচ তলা), দোকান নং-১২০, ঢাকা-১০০০।
প্রকার: মজুদকরণ ও বিপণন/বিতরণ
মজুদাগারের ঠিকানা: মৌজাঃ জুরাইন, থানাঃ শ্যামপুর, ঢাকা
বার্ষিক চাহিদা: Engine Oil (HD 50, SAE 15W40, 20W50): 250 M.T; Gear Oil/ATF (IV): 10 M.T; Hydraulic Oil (ISO 46/68/100): 20 M.T; Brake Fluid (Dot-3): 10 M.T; Grease (MP-3): 10 M.T; Total: 300 M.T.
লাইসেন্স ফিস: মজুদকরণ ফিস ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা।
বিপণন/বিতরণ ফিস: (প্রয়োজনীয় তথ্য প্রাপ্তি সাপেক্ষে)।
মেয়াদ: ইস্যুর তারিখ হতে ১(এক) বছর

২) আল কাজী ডাইস এন্ড কেমিক্যাল, জম জম কমপ্লেক্স, (৪র্থ তলা), আজিজুল্লা রোড নং-০৪, বাবু বাজার, ঢাকা-১১০০।
প্রকার: মজুদকরণ ও বিপণন/বিতরণ
মজুদাগারের ঠিকানা: মৌজাঃ চানকুটিয়া, কেরাণীগঞ্জ, ঢাকা
বার্ষিক চাহিদা: Liquid Paraffin (heavy, light):1000 M.T; Paraffin Wax: 100 M.T; Petroleum Jelly (PGP-220, PJ A+): 100 M.T.
লাইসেন্স ফিস: মজুদকরণ ফিস ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা।
বিপণন/বিতরণ ফিস: (প্রয়োজনীয় তথ্য প্রাপ্তি সাপেক্ষে)।
মেয়াদ: ইস্যুর তারিখ হতে ১(এক) বছর

৩) পাওয়ার ইউনিট ইঞ্জিনিয়ার্স, প্লট নং-২১, আকাশ প্লাজা (৩য় তলা), রুম নং-৩১৪, রোড নং-৭/ডি, সেক্টর-০৯, উত্তরা, ঢাকা।
প্রকার: মজুদকরণ ও বিপণন/বিতরণ
মজুদাগারের ঠিকানা: মৌজাঃ গোবিন্দপুর, উত্তরখান, জেলা-ঢাকা
বার্ষিক চাহিদা: Transformer Oil (Class-1, Naphthenic Grade): 3,00,000 Liter
লাইসেন্স ফিস: মজুদকরণ ফিস ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা।
বিপণন/বিতরণ ফিস: (প্রয়োজনীয় তথ্য প্রাপ্তি সাপেক্ষে)।
মেয়াদ: ইস্যুর তারিখ হতে ১(এক) বছর

৪) জিনি পাওয়ার এন্ড টেকনোলজি লিমিটেড, ১২/১ কুনিপাড়া, তেজগাও আই/এ, ঢাকা-১২০৮।
প্রকার: মজুদকরণ ও বিপণন/বিতরণ
মজুদাগারের ঠিকানা: মৌজাঃ দক্ষিণ সলনা, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর
বার্ষিক চাহিদা: Engine Oil (10W30,20W40/50): 2,24,360 liter; Gear Oil (GL-4): 15,000 liter; Brake Oil: 15,000 liter; ATD (DX-III): 5,000 liter; Grease (MP3): 7,000 liter; Total: 2,66,360 liter
লাইসেন্স ফিস: মজুদকরণ ফিস ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা।
বিপণন/বিতরণ ফিস: (প্রয়োজনীয় তথ্য প্রাপ্তি সাপেক্ষে)।
মেয়াদ: ইস্যুর তারিখ হতে ১(এক) বছর

৫) সিনথেটিক রেজিন প্রোডাক্টস (প্রাঃ) লিঃ, এ/৩, বিসিক শিল্প এলাকা, সাগরিকা রোড, চট্টগ্রাম।
প্রকার: প্রক্রিয়াকরণ, মজুদকরণ ও বিপণন/বিতরণ
মজুদাগারের ঠিকানা: মৌজাঃ দক্ষিণ কাট্টলি, প্রাণ হরিদাস রোড, থানাঃ পাহাড়তলী, চট্টগ্রাম
বার্ষিক চাহিদা: Condensate: 33,000 M.T; MS: 9,900 M.T; HSD: 23,100 M.T
লাইসেন্স ফিস: প্রক্রিয়াকরণ, মজুদকরণ ফিস ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা;
বিপণন/বিতরণ ফিস: (প্রয়োজনীয় তথ্য প্রাপ্তি সাপেক্ষে);
মেয়াদ: ২২/০১/২০১৭ হতে ২১/০১/২০১৮

| | | |
|---|---|---|
| | ৬) আকিজ পার্টিকেল বোর্ড মিলস লিঃ, দিলকুশা বা/এ, মতিঝিল, ঢাকা-১০০০।<br>প্রকার: মজুদকরণ<br>মজুদাগারের ঠিকানা: তুরা, উপজেলাঃ-ঘিওর, মানিকগঞ্জ<br>বার্ষিক চাহিদা: Paraffin Wax: 340 M.T; Hydraulic Oil: 22,500 kg; Lube Oil: 6,000 kg; Grease: 500 Kg; Para Formaldehyde: 3,510.56 M.T; Urea Para Formaldehyde: 3,700 M.T; Diethylene Glycol: 37,000 kg; Thermic Oil: 5,000 kg<br>লাইসেন্স ফিস: মজুদকরণ ফিস ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা।<br>মেয়াদ: ০৪/০১/২০১৬ হতে ০৩/০৭/২০১৭<br><br>৭) ট্রেড উইংস, দিলকুশা বা/এ, মতিঝিল, ঢাকা-১০০০।<br>প্রকার: মজুদকরণ ও বিপণন/বিতরণ<br>মজুদাগারের ঠিকানা: মৌজাঃ ঘাটাইল, উপজেলাঃ ঘাটাইল, টাঙ্গাইল।<br>বার্ষিক চাহিদা: Engine Oil (15W40,20W40/50): 1,10,000 Liter; Gear Oil (Gl-4): 20,000 Liters; Grease (Multipurpose): 25,000 Kg<br>লাইসেন্স ফিস: মজুদকরণ ফিস ৬০,০০০/- (ষাট হাজার) টাকা।<br>বিপণন/বিতরণ ফিস: (প্রয়োজনীয় তথ্য প্রাপ্তি সাপেক্ষে)।<br>মেয়াদ: ৩০/০৪/২০১৭ হতে ২৯/০৪/২০১৮ | |
| সিএম/১৪৮/৯ | **আলোচ্য বিষয়:** পেট্রোলিয়ামজাত পদার্থ মজুদকরণ/বিপণন/বিতরণ/পরিবহনের জন্য ২(দুই)টি প্রতিষ্ঠানের অনুকূলে প্রদত্ত লাইসেন্স সংশোধনের অনুমোদন সম্পর্কে।<br><br>**সিদ্ধান্তঃ** পেট্রোলিয়ামজাত পদার্থ মজুদকরণ/বিপণন/বিতরণ/পরিবহনের জন্য নিম্নোক্ত ২(দুই)টি প্রতিষ্ঠানের অনুকূলে প্রদত্ত লাইসেন্স সংশোধনের অনুমোদন প্রদান করা হয়:<br><br>১। দেওয়ান মটরস, সুগার মিল রোড, জয়পুরহাট-৫৯০০।<br>প্রকারঃ মজুদকরণ এবং বিপণন/বিতরণ<br>মজুদাগার: মৌজা-জয়পুরহাট, উপজেলাঃ জয়পুরহাট সদর, জেলাঃ জয়পুরহাট;<br>চাহিদাঃ Automotive Oil (10W30; 20W40/50; 15W50); 0W30; 5W30/40; 10W50/60; 15W30/40): 1,00,000 liter;Industrial Oil (SAE 10W30; 20W40/50; 15W50); 0W30; 5W30/40; 10W40/50/60; 15W30/40: 50,000 liter; Power Oil (10W); 75W90; 85W90/140: 10,000 liter; Brake Oil (10W); DOT-3, 4; DOT-5.1, 600/660: 10,000 liter নতুন গ্রেড সংযোজন।<br>মেয়াদঃ ২৫/০২/২০১৬ হতে ০৪/০২/২০১৮ তারিখ পর্যন্ত।<br>সংশোধন ফিস: - ৫,০০০/- টাকা।<br><br>২। সাবিদ কর্পোরেশন, ১১০ আব্দুল লতিফ মার্কেট (৩য় তলা), ফকির হাট লেন, বন্দর, চট্টগ্রাম।<br>প্রকারঃ মজুদকরণ এবং বিপণন/বিতরণ<br>মজুদাগার: সরাইপাড়া, থানাঃ পাহাড়তলী, চট্টগ্রাম<br>চাহিদাঃ Grease: 500 Litres, Transformer Oil: 7,000 Litres, Brake Oil: 3,000 Litres সংযোজন।<br>মেয়াদঃ ০৭/১২/২০১৬ হতে ০৬/১২/২০১৮<br>সংশোধন ফিস: - ৫,০০০/- টাকা। | পরিচালক (পেট্রোলিয়াম) |
| সিএম/১৪৮/১০ | **আলোচ্য বিষয়:** মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক রীট পিটিশন নং-২৭৩১/২০১৭এ প্রদত্ত স্থগিত আদেশ মহামান্য আপীল বিভাগের চেম্বার জজ আদালত কর্তৃক স্থগিত সম্পর্কে।<br><br>**আলোচনা:** সভায় জানানো হয় যে, কনজ্যুমার এসোসিয়েশন অব বাংলাদেশ (ক্যাব) কর্তৃক দায়েরকৃত রীট পিটিশন নং-২৭৩১/২০১৭ এর আদেশে মহামান্য হাইকোর্ট বিভাগ কমিশনের প্রতি কারণ দর্শানো ও রুলনিশি ইস্যু করেন এবং ভোক্তাপর্যায়ে ১ জুন ২০১৭ থেকে কার্যকর দ্বিতীয় ধাপের গ্যাসের মূল্যহার ০৬ মাসের জন্য স্থগিত করেন। | |

| | | |
|---|---|---|
| | পরবর্তীতে কমিশনের সিভিল পিটিশন ফর লীভ টু আপীল নং ২০৫৫/২০১৭ এর পরিপ্রেক্ষিতে গত ৩০ মে ২০১৭ তারিখে মহামান্য আপীল বিভাগের চেম্বার জজ আদালত মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক প্রদত্ত স্থগিত আদেশ আগামী ৫ জুন ২০১৭ তারিখ পর্যন্ত স্থগিত করেন এবং রীট পিটিশনটি উক্ত তারিখে মহামান্য আপীল বিভাগে শুনানির জন্য প্রেরণ করেন। এ পর্যায়ে আগামী ১ জুন ২০১৭ তারিখ থেকে কমিশন কর্তৃক পুনঃনির্ধারিত গ্যাসের মূল্যহার কার্যকরে কোনো আইনগত বাঁধা নেই। বিষয়টি গ্যাস বিতরণ কোম্পানীসমূহকে জানিয়ে দেয়ার বিষয়ে সভায় একমত পোষণ করা হয়।<br><br>**সিদ্ধান্তঃ**<br>(ক) আগামী ১ জুন ২০১৭ তারিখ থেকে পুনঃনির্ধারিত গ্যাসের মূল্যহার কার্যকর করতে ২৩ ফেব্রুয়ারি ২০১৭ তারিখে কমিশন কর্তৃক জারীকৃত আদেশ # ২০১৭/০১, ২০১৭/০২, ২০১৭/০৩, ২০১৭/০৪, ২০১৭/০৫, ২০১৭/০৬ এবং ২০১৭/০৭ মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য গ্যাস বিতরণ কোম্পানীসমূহকে পত্র প্রেরণ করতে হবে।<br><br>(খ) মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রীট পিটিশন নং-২৭৩১/২০১৭ এর কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট সকলকে কমিশনের পক্ষ হতে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। | পরিচালক (অর্থ ও হিসাব)<br><br>সচিব |
| সিএম/১৪৮/১১ | **আলোচ্য বিষয়:** বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিঃ (বিজিএফসিএল) এর উৎপাদিত গ্যাসের ওয়েলহেড মার্জিন প্রতি ঘনমিটার ০.৮৩৩ টাকা নির্ধারণের বিষয়ে কমিশনের সম্মতি প্রদান সম্পর্কে।<br>**আলোচনাঃ** সভায় জানানো হয়, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ তাদের ১৪ আগস্ট, ২০১৬ তারিখের পত্রে জানায় যে, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড (বিজিএফসিএল) এর ওয়েলহেড মার্জিন ঘনমিটারপ্রতি ০.২২৫০ টাকা (সিএনজি ক্যাটাগরিতে ০.৩০০০ টাকা) এর স্থলে PDF হতে সমন্বয়পূর্বক ০.৮৩৩৩ টাকায় নির্ধারণ করা হয়েছে, যা ০১ জুলাই, ২০১৪ তারিখ হতে কার্যকর করা হয়। তবে বিজিএফসিএল-এর ওয়েলহেড মার্জিন পরিবর্তন সংক্রান্ত তথ্য ২৭ আগস্ট ২০১৫ তারিখের ট্যারিফ আদেশ ঘোষণার আগ পর্যন্ত কমিশন অবহিত না থাকায় তা কমিশনের উক্ত আদেশে অন্তর্ভুক্ত ছিল না। এমতাবস্থায়, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের ১৪ আগস্ট ২০১৬ তারিখের পত্রের পরিপ্রেক্ষিতে ৪০তম বিশেষ কমিশন সভার সিদ্ধান্ত মোতাবেক ১ সেপ্টেম্বর ২০১৫ হতে ৩০ জুন ২০১৬ পর্যন্ত সময়কালে PDF মার্জিন হতে সমন্বয়পূর্বক বিজিএসিএল এর ঘনমিটারপ্রতি মার্জিন ০.২২৫০ টাকার (সিএনজি ক্যাটাগরিতে ০.৩০০০ টাকা) স্থলে ০.৮৩৩০ টাকা পরিশোধের বিষয়ে কমিশনের অনাপত্তি জ্ঞাপন করে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে ৭ সেপ্টেম্বর ২০১৬ তারিখে পত্র প্রেরণ করা হয়। সভায় আরও জানানো হয় যে, এরই ধারাবাহিকতায় জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সিদ্ধান্ত মোতাবেক পেট্রোবাংলা ১৭ মে ২০১৭ তারিখের পত্রের মাধ্যমে বিজিএফসিএল এর ওয়েলহেড মার্জিন ১ জুলাই ২০১৬ হতে ২৮ ফেব্রুয়ারি ২০১৭ পর্যন্ত সময়কালে ঘনমিটারপ্রতি ০.৮৩৩০ টাকা নির্ধারণের বিষয়ে কমিশনের সম্মতি চেয়েছে।<br>আলোচনান্তে, গ্যাস উৎপাদন কোম্পানিসমূহের মার্জিন নির্ধারণের এখতিয়ার সরকারের বিধায় পূর্বের ধারাবাহিকতায় ১ জুলাই ২০১৬ হতে ২৮ ফেব্রুয়ারি ২০১৭ পর্যন্ত সময়কালে PDF মার্জিন হতে সমন্বয়পূর্বক বিজিএসিএল এর ওয়েলহেড মার্জিন ঘনমিটারপ্রতি ০.৮৩৩০ টাকা নির্ধারণের বিষয়ে কমিশনের কোনো আপত্তি নেই, যা জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগকে পত্রের মাধ্যমে জানিয়ে দেয়ার বিষয়ে সভায় ঐকমত্য প্রকাশ করা হয়।<br><br>**সিদ্ধান্তঃ** বিস্তারিত আলোচনাক্রমে বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানি লিঃ এর ওয়েলহেড মার্জিন ১ জুলাই ২০১৬ হতে ২৮ ফেব্রুয়ারি ২০১৭ পর্যন্ত সময়কালে ঘনমিটারপ্রতি ০.৮৩৩০ টাকা পরিশোধের ক্ষেত্রে প্রয়োজনীয় অতিরিক্ত অর্থ PDF মার্জিন হতে সমন্বয়পূর্বক প্রদানে কমিশনের কোনো আপত্তি নেই, যা জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগকে পত্রের মাধ্যমে জানিয়ে দেয়ার সিদ্ধান্ত গৃহিত হয়। | পরিচালক (অর্থ ও হিসাব) |

| | | |
|---|---|---|
| সিএম/১৪৮/১২ | **আলোচ্য বিষয়:** কমিশনের অনুকূলে বরাদ্দকৃত জমিতে (শের-ই-বাংলানগর, আগারগাঁও, ঢাকা) নির্মিতব্য ভবনের জন্য স্থাপত্য অধিদপ্তর কর্তৃক প্রস্তুতকৃত নকশা পর্যালোচনাকরণ সম্পর্কে।<br><br>**সিদ্ধান্তঃ** কমিশনের অনুকূলে বরাদ্দকৃত জমিতে (শের-ই-বাংলানগর, আগারগাঁও, ঢাকা) কমিশনের নিজস্ব ভবন নির্মাণ প্রকল্পের জন্য কমিশনের সচিব-কে প্রকল্প পরিচালক হিসেবে নিয়োগের সিদ্ধান্ত গৃহিত হয়। নির্মিতব্য ভবনের জন্য স্থাপত্য অধিদপ্তর কর্তৃক প্রস্তুতকৃত নকশা ও কমিশন হতে স্থাপত্য অধিদপ্তরে প্রেরিত চাহিদামালার পর্যালোচনা করাসহ ভবন নির্মাণের বিষয়ে সার্বিক কার্যক্রমের জন্য একজন সিভিল ইঞ্জিনিয়ারকে জুনিয়র কন্সালটেন্ট হিসেবে নিয়োগের সিদ্ধান্ত গৃহিত হয়। | সচিব |
| সিএম/১৪৮/১৩ | **আলোচ্য বিষয়:** কমিশনের অফিস সহকারী/ ডাটা এন্ট্রি অপারেটরের ১ (এক) টি শূন্য পদে (মুক্তিযোদ্ধা কোটায়) নিয়োগের জন্য কমিটি কর্তৃক মনোনীত প্রার্থীকে নিয়োগের অনুমোদন সম্পর্কে।<br><br>**সিদ্ধান্তঃ** কমিশনে অফিস সহকারী/ডাটা এন্ট্রি অপরেটরের (মুক্তিযোদ্ধা কোটায়) ১ টি শূন্য পদে নিয়োগের লক্ষ্যে গঠিত কমিটি কর্তৃক ২৭ মে ২০১৭ তারিখ অনুষ্ঠিত লিখিত, ব্যবহারিক এবং মৌখিক পরীক্ষার ভিত্তিতে চূড়ান্তভাবে নিয়োগের জন্য সুপারিশকৃত দুই জনের মধ্যে প্রথম স্থান অর্জনকারী জনাব অরূপ কর্মকার [পিতা-গনেশ চন্দ্র কর্মকার, ৩ নং পূর্ণচন্দ্র ব্যানার্জী লেন সিংটোলা (২য় তলা)]-কে নিয়োগের জন্য কমিশনের অনুমোদন প্রদান করা হয়। যোগদানের পর তাঁর দাখিলকৃত মুক্তিযোদ্ধা সনদ মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে যথাযথভাবে যাচাই করতে হবে। | সচিব |
| সিএম/১৪৭/ বিবিধ-১ | সিদ্ধান্ত: কমিশনের সার্বিক কার্যক্রমে আইনি বিষয়ে সহায়তা প্রদানের জন্য এক বা একাধিক ল'ফার্মকে রিটেইনার (Retainer) হিসেবে নিয়োগের নিমিত্ত পূর্নাঙ্গ প্রস্তাব কমিশনের নিকট উপস্থাপন করতে হবে। | সচিব |

৩। সভায় অন্য কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

| | | | |
|---|---|---|---|
| (মোঃ মিজানুর রহমান)<br>সদস্য | (মোঃ আবদুল আজিজ খান)<br>সদস্য | (মাহমুদউল হক ভূঁইয়া)<br>সদস্য | (রহমান মুরশেদ)<br>সদস্য |

(মনোয়ার ইসলাম)
চেয়ারম্যান